



আইকিউএসি কার্যালয়

বরিশাল বিশ্ববিদ্যালয়

e-mail: director-iqac@bu.ac.bd



আইকিউএসির আয়োজনে 'ওবিই কারিকুলাম ডিজাইন ও রিভিউ' শীর্ষক দুদিন ব্যাপী প্রশিক্ষণ সম্পন্ন

বরিশাল বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির আয়োজনে 'ওবিই কারিকুলাম ডিজাইন ও রিভিউ' শীর্ষক একটি দুদিন ব্যাপী প্রশিক্ষণ ২০ ও ২১ আগস্ট ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। তথ্যজ্ঞ ব্যক্তি হিসেবে প্রশিক্ষণটি পরিচালনা করেন প্রফেসর ড. এস এম কবীর। প্রশিক্ষক ড. এস এম কবীর রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের অধ্যাপক এবং বাংলাদেশ এ্যাক্রেডিটেশন কাউন্সিলের সাবেক সদস্য। প্রশিক্ষণটিতে বাংলা, ইংরেজি, গণিত, মার্কেটিং, ম্যানেজমেন্টে স্টাডিজ, অর্থনীতি, সমাজবিজ্ঞান, লোকপ্রশাসন ও হিসাববিজ্ঞান বিভাগের তিন জন করে মোট ২৭ জন শিক্ষক অংশ গ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে তাঁরা প্রতিশ্রুতিবদ্ধ হন যে, অর্জিত জ্ঞান ও দক্ষতার সুষ্ঠু প্রয়োগ করে তাঁরা ৩ মাসের মধ্যে নিজ নিজ বিভাগের অন্য শিক্ষকদের সমন্বয়ে চার বছর মেয়াদী স্নাতক প্রোগ্রামের পূর্ণাঙ্গ কারিকুলাম আইকিউএসিতে উপস্থাপন করবেন।



আইকিউএসি আয়োজিত ২০-২১ আগস্ট ২০২৩ তারিখে অনুষ্ঠিত 'ওবিই কারিকুলাম ডিজাইন ও রিভিউ' প্রশিক্ষণ